

PRINT

সমকাল

শাবিতে ভর্তি ফি বাড়ানোর প্রতিবাদে বিক্ষোভ

১২ ঘণ্টা আগে

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) স্নাতক (সম্মান) প্রথম বর্ষ প্রথম সেমিস্টারে ভর্তির জন্য অতিরিক্ত ফি নির্ধারণ করা হয়েছে। এ বর্ধিত ফি বাতিলের দাবিতে গতকাল মঙ্গলবার দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন বিশ্ববিদ্যালয়ের সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট এবং জাতীয় ছাত্রদলের নেতাকর্মীরা।

অনার্স প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি ফি ৬ হাজার ৮৫০ থেকে ৯ হাজার ৫০০ টাকা নির্ধারণ করার প্রতিবাদে দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা। বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয়ের অর্জুনতলা শুরু হয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে গোলচত্বরে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক নাজিরুল আযম বিশ্বাসের সঞ্চালনায় ও আহ্বায়ক প্রসেনজিৎ রুদ্রের সভাপতিত্বে বক্তারা বলেন, শিক্ষা কোনো পণ্য নয়, অধিকার। গত বছর থেকে এ বছর প্রথম বর্ষে ভর্তির জন্য প্রায় ২ হাজার ৬৫০ টাকা

বেশি করা হয়েছে, যেটা সম্পূর্ণ অযৌক্তিক। এটি নিম্ন এবং নিম্নমধ্যবিত্তের পরিবারের ছেলেমেয়েদের জন্য অতিরিক্ত চাপের সৃষ্টি করবে এবং অনেকেই উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হবে। বক্তারা তাদের বক্তব্যে ভর্তি ফি না বাড়ানোর জোর দাবি জানান। সমাবেশ শেষে তারা উপাচার্য বরাবর ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বর্ধিত ভর্তি ফি প্রত্যাহার করার জন্য স্মারকলিপি দেন।

একই সময়ে শাবির শিক্ষা ভবন ডি-এর সামনে থেকে জাতীয় ছাত্রদল একটি বিক্ষোভ মিছিল বের গোলচত্বরে ছাত্রছাত্রী ছাউনিতে সমাবেশে মিলিত হয়। সমাবেশে জাতীয় ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রামকৃষ্ণ দাশের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রুপেল চাকমার সঞ্চালনায় বক্তারা বলেন, চা শ্রমিকদের সন্তানদের ভর্তির জন্য ৯ হাজার ৫০০ টাকা জোগাড় করাটা রীতিমতো আকাশ-কুসুম কল্পনা ছাড়া কিছুই নয়। কারণ, তাদের দৈনিক পারিশ্রমিক মাত্র ১০২ টাকা। শুধু চা শ্রমিক নন, এদেশে রয়েছেন কৃষক, শ্রমিকসহ নিম্নবিত্ত পরিবারের অসংখ্য মেধাবী ছাত্রছাত্রী।

ভর্তি ফি বাড়ার প্রসঙ্গে ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. শামসুল হক প্রধান জানান, আজ বুধবার একাডেমিক কাউন্সিলের মিটিং রয়েছে। সেখানেই ভর্তি ফি কত হবে তা নির্ধারণ করা হবে।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com